জাতিসংঘ সাপ্তাহিক সংবাদ সংক্ষেপ

সংখ্যা - মার্চ ২০০৮/০১

জাতিসংঘ তথ্য কেন্দ্র,ঢাকা

সংবাদ শিরোনাম

* ইসরাইলের গৃহনির্মাণ কার্যক্রম বন্ধ করতে- জাতিসংঘ মহাসচিব বান কি-মুনের সনির্বন্ধ আহ্বান
* জাতিসংঘ কর্মকর্তা মধ্যপ্রাচ্যে সহিংসতার শিকার স্কুল শিশুদের জন্য গভীর উদ্বেগ প্রকাশ করেছেন
* মিয়ানমার: জাতিসংঘ বিশেষ দুত গণতান্ত্রিক পরিবর্তনের জন্য চাপ অব্যাহত রাখতে ফিরে এসেছেন।
* ইউনেস্কো পনের জন নারী বিজ্ঞানীকে বৃত্তি প্রদান করেছে
* নিরাপত্তা পরিষদ ইরানের প্রতি বল প্রয়োগকে সমর্থন করবে না- সভাপতি
* জাতিসংঘ মানবাধিকার প্রধান গাজা হত্যাকান্ডের তদন্তের আহ্বান জানিয়েছেন

ইসরাইলের গৃহনির্মাণ কার্যক্রম বন্ধ করতে- জাতিসংঘ মহাসচিব বান কি-মুনের সনির্বন্ধ আহ্বান

১০ মার্চ – জাতিসংঘ মহাসচিব বান কি-মুন আজ ইসরাইল কর্তৃক পশ্চিম তীরের গিভাট জীভে ৭৫০টি গৃহায়ন ইউনিট নির্মাণ পুনরায় আরম্ভ করাকে অনুমোদনের পর, ইসরাইল সরকারকে সম্প্রসারণ ব্যবস্থা বন্ধ করতে সনির্বন্ধ আহ্বান জনান।

জনাব বান তার মুখপাত্রের মাধ্যমে প্রকাশিত এক বক্তব্যে বলেন, যেকোন ধরনের সম্প্রসারণ ব্যবস্থা রোড ম্যাপ ও আন্তর্জাতিক আইনের প্রতি ইসরাইলের বাধ্যবাধকতার পরিপন্থি।

মহাসচিব ইসরাইল-ফিলিস্তিন সংঘর্ষরত সকল দল কর্তৃক রোড ম্যাপের বাধ্যবাধকতাসমূহ মেনে চলার ওপর পুন:গুরুত্ব আরোপ করেন। এই শান্তি কাঠামোটি জাতিসংঘ, ইউরোপিয় ইউনিয়ন, যুক্তরাষ্ট্র ও রাশিয়ান ফেডারেশনের চারজন কুটনীতিকের সমন্বয়ে গঠিত - মধ্যপ্রাচ্য কূটনৈতিক চতুষ্টয় কর্তৃক প্রণীত।

জাতিসংঘ কর্মকর্তা মধ্যপ্রাচ্যে সহিংসতার শিকার স্কুল শিশুদের জন্য গভীর উদ্বেগ প্রকাশ করেছেন

৭ মার্চ – জেরুজালেমে গতকালের গোলাগুলিতে আট জন ছাত্র নিহত এবং গাজায় ইসরাইলের সাম্প্রতিক বহিরাক্রমণে ২৮ জন শিশু নিহত এবং শিক্ষা সুবিধার ক্ষয়ক্ষতির পর, জাতিসংঘ কর্মকর্তাগণ আজ বিদ্যালয়গুলোর সুরক্ষা এবং এর তরুন তরুনীদের হেফাজতের জন্য সনির্বন্ধ অনুরোধ জানান।

জাতিসংঘ মহাসচিবের শিশু এবং সশস্ত্র সংঘর্ষ বিষয়ক বিশেষ প্রতিনিধি রাধিকা কুমারাস্বামী নিউইয়র্কে বলেন, সংঘর্ষের স্থান হবে অবশ্যই বিদ্যালয়ের বাইরে এবং সকল দলকে শান্তির এলাকা হিসেবে এদের শ্রদ্ধা ও সংরক্ষণ করা উচিত।

জেনেভাতে ইউনিসেফের মুখপাত্র ভেরোনিক আশা প্রকাশ করেন যে, গাজায় বিদ্যালয়ে সাম্প্রতিক হামলায় যে ক্ষতি হয়েছে তা মেরামতের জন্য, শিক্ষা উপকরণ এবং নিমার্ণ সামগ্রী আনতে ইসরাইল কর্তৃপক্ষ বাঁধা প্রদান করবে না।

মুখপাত্র বলেন, যেহেতু বিদ্যালয়সমূহ বন্ধ আছে সেহেতু ইউনিসেফ বিদ্যালয়গামী ৮০০ শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত শিক্ষা উপকরণসহ "স্কুল-ইন-আ-বক্স" বিতরণ করেছে।

তিনি আরও উলে-খ করেন গাজাতে গত কয়েকদিনে অব্যাহত হামলায় মানসিকভাবে আঘাত প্রাপ্তদের সাহায্যের প্রয়োজনীয়তা ৬০ শতাংশ বৃদ্ধি পাওয়ায় ইউনিসেফ ২০ জন শিক্ষাবিদকে দ্রুত গাজায় প্রেরণ করেছে যারা এ বিষয়ে বিশেষজ্ঞ।

মিয়ানমার: জাতিসংঘ বিশেষ দুত গণতান্ত্রিক পরিবর্তনের জন্য চাপ অব্যাহত রাখতে ফিরে এসেছেন

৬ মার্চ – জাতিসংঘ মহাসচিবের মিয়ানমার বিষয়ক বিশেষ উপদেষ্টা ইব্রাহিম গামবারি আজ ইয়াংগুন পৌঁছেছেন। দক্ষিণ-পূর্ব এশিয়ার এই সমস্যাসংকুল দেশটিতে গণতন্ত্রায়ন ও জাতীয় ঐক্যমত প্রতিষ্ঠায় উৎসাহ দেয়াই তার সাম্প্রতিক সফরের মুল লক্ষ্য।

গত বছর সরকার কর্তৃক কঠোরভাবে শান্তিপুর্ণ প্রতিবাদকারিদের দমন করার পর মিয়ানমারে এটা তার তৃতীয় সফর।

২০১০ সালের বহুদলীয় গণতান্ত্রিক নির্বাচনকে সামনে রেখে মিয়ানমার কর্তৃপক্ষ গত ফেব্রুয়ারিতে ঘোষণা করে যে, আগামী মে মাসে একটি সংবিধানিক গণভোট অনুষ্ঠিত হবে।

আগমনের পর জনাব গামবারি মিয়ানমার পররাষ্ট্র বিষয়ক মন্ত্রীর সাথে বৈঠক করেন। এছাড়া তিনি জাতিসংঘ কান্ট্রি টিম, কুটনৈতিক গোষ্ঠি এবং আন্তর্জাতিক রেডক্রস কমিটির (ICRC) প্রতিনিধিদের সাথেও সাক্ষাত করেন।

জাতিসংঘ মুখপাত্র মারি ওকাবে নিউইয়র্কে সাংবাদিকদের বলেন, বিশেষ উপদেষ্টা আগামী কয়েক দিন মিয়ানমার পরিস্থিতির সাথে সম্পর্কিত প্রতিনিধি এবং গত সফরে তিনি যাদের সাথে সাক্ষাত করতে পারেননি তাদের সবার সাথে ব্যাপকভাবে আব্যাহত পরামর্শ করবেন।

ইউনেস্কো পনের জন নারী বিজ্ঞানীকে বৃত্তি প্রদান করেছে

৫ মার্চ - জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান এবং সংস্কৃতি সংস্থা (UNESCO) এবং প্রসাধন সামগ্রী তৈরির প্রতিষ্ঠান L'Oreal আজ বৈশ্বিক বিজ্ঞান বিষয়ক সহযোগিতার উন্নয়নে অবদানের জন্য পনের জন উদীয়মান তরুন নারী বিজ্ঞানীকে বার্ষিক বৃত্তি পদ প্রদান করে।

আজকের এই বৃত্তি পদ প্রাপ্তরা বিশ্বের ৬৭ টি দেশের ১২০ জন বৃত্তি পদ প্রাপ্তদের সাথে যোগ দিবেন যারা ২০০০ সালে শুরু UNESCO - L'Oreal বৃত্তি থেকে সুবিধা পেয়েছেন এবং যা ডক্টরাল ও পোস্ট-ডক্টরাল পর্যায়ের মহিলা বিজ্ঞানীদের তাদের দেশের বাইরের গবেষণাগারে গবেষণার সুযোগ দিয়েছে।

এই বৃত্তি পদ প্রদানের উদ্দেশ্য হল বিভিন্ন দেশের সংস্কৃতির মধ্যে যোগাযোগ গড়ে তোলা। এজন্য UNESCO জাতীয় কমিশন প্রার্থীদের প্রকল্পগুলো নির্বাচক কমিটির কাছে প্রেরণ করে।

প্রায়ই এসব গবেষণার জন্য নির্বাচিত বিষয়টি স্থানীয় জনগণের চাহিদার সাথে সম্পর্কিত কিংবা মৌলিক গবেষণা যেমন মাগুর মাছ থেকে যে প্রোটিন পাওয়া যায় তা কোন রোগের আরোগ্য লাভে কাজ করে তা চিহ্নিত করা।

বৃত্তি পদ গ্রহীতাদের মধ্যে চারটি দেশের প্রতিনিধি এই কার্যক্রমে নতুনভাবে সংযুক্ত হলেন: গ্যাবন, মঙ্গোলিয়া, নেপাল এবং স্লোভেনিয়া। অন্যান্য বিজয়ীরা মোজাম্বিক, দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল, আর্জেনটিনা, কলম্বিয়া, ইন্দোনেশিয়া, কুয়েত, লেবানন, মরোক্কো, ইতালী এবং নেদারল্যান্ড।

UNESCO এবং L'Oreal ১৯৯৮ সালে যৌথভাবে 'বিজ্ঞানে নারীদের জন্য' শীর্ষক কার্যক্রমটি আরম্ভ করে এবং গত এক দশকে বিজ্ঞানে নারীর অবদান কর্মসুচির উন্নয়নে এটি সর্ববৃহৎ কার্যক্রমে পরিণত হয়েছে।

বৃত্তি পদ প্রদান ছাড়াও আজকের পদক প্রদান অনুষ্ঠানে পাঁচজন অসাধারণ প্রতিভাবান নারী বিজ্ঞানীকে বিশেষভাবে সম্মানিত করা হয়, যারা পাঁচটি মহাদেশ থেকে এসেছে। প্রত্যেক বছর L'Oreal – UNESCO পদক প্রদান কমিটি আগামী প্রজন্মের জন্য আদর্শ হিসেবে এমন অসাধারণ প্রতিভাবান ব্যাক্তিত্বদের নির্বাচন করেন। প্যারিসে UNESCO সদর দপ্তরে আগামীকাল ২০০৮ সালে পুরষ্কার বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।

এ পর্যন্ত ৩৫ টি দেশের ৩৪০ জন নারী UNESCO এবং L'Oreal থেকে জাতীয় পর্যায়ে বৃত্তি পদ লাভ করেছেন।

নিরাপত্তা পরিষদ ইরানের প্রতি বল প্রয়োগকে সমর্থন করবে না- সভাপতি

৪ মার্চ - নিরাপত্তা পরিষদ গতকাল পারমাণবিক কর্মসুচির জন্য ইরানের বিরুদ্ধে অতিরিক্ত নিষেধাজ্ঞা আরোপ করেছে। আজ পনের সদস্য বিশিষ্ট নিরাপত্তা পরিষদে মার্চ মাসের জন্য নির্বাচিত সভাপতি জনাব ভিটালি কুরকিন বলেন, পরিষদ এ বিষয়ে ইরানের প্রতি বল প্রয়োগকে সমর্থন করবে না।

ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কার্যাবলী বন্ধ করার অনুরোধ রক্ষায় ব্যর্থ হওয়ায় পরিষদ সোমবার থেকে ইরানে নিষিদ্ধ মালামাল পরিবহনের জন্য সন্দেহভাজন জাহাজ পরিদর্শন, অর্থনৈতিক প্রতিষ্ঠানে সুক্ষ্ম পর্যবেক্ষণ এবং ভ্রমণ নিষেধাজ্ঞা বৃদ্ধি ও সম্পদ বাজেয়াপ্তকরণ প্রভৃতি অনুমোদন করে। পরিষদ কর্তৃক ২০০৬ এবং ২০০৭ জারিকৃত নিষেধাজ্ঞার পর এই পদক্ষেপগুলো গৃহীত হল।

রাশিয়ান রাষ্ট্রদুত ভিটালি কুরকিন পারমাণবিক ও ক্ষেপনাস্ত্র বিষয়ক সিদ্ধান্ত ১৮০৩ কে "অত্যন্ত সতর্কতার সাথে তৈরি একটি খসড়া সিদ্ধান্ত" হিসেবে মন্তব্য করেন।

মার্চ মাসের জন্য নির্বাচিত নিরাপত্তা পরিষদের সভাপতি জনাব কুরকিন সাংবাদিকদের সাথে আলাপকালে উলে-খ করেন, সিদ্ধান্ত ১৮০৩ অপরিহার্য, কেননা ইরান পরিষদ সদস্যদের পুর্বের দাবিগুলো পুরণে ব্যর্থ হয়েছে এবং তার পারমাণবিক সমৃদ্ধকরণ কর্মসুচি অব্যাহত রেখেছে।

একই সাথে তিনি জোড় দিয়ে বলেন পরিষদের সকল সিদ্ধান্তে পরিষ্কারভাবে উলে-খ আছে যে, পারমাণবিক কার্যক্রমের জন্য তেহরানের বিরুদ্ধে কোন ধরনের নিষেধাজ্ঞা আরোপ করা বা অনুমোদন করা বা ক্ষমা করার কোন ইচ্ছা পরিষদের নেই।

তিনি উলে-খ করেন গত সপ্তাহের সিদ্ধান্তটি একটি গুচ্ছ সিদ্ধান্তের অংশ যাতে চীন, জার্মানী, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র -'ছয় জাতি' কর্তৃক অনুমোদিত বক্তব্য অর্ন্তভুক্ত।

সেখানে এই দেশগুলো উলে-খ করে যে, ইরান যদি সমৃদ্ধকরণ ও পুনঃ প্রক্রিয়াকরণ কার্যক্রম বন্ধ করতে আগ্রহী হয় তাহলে এ দেশগুলো সরাসরি কথোপকথন এবং আলোচনার মাধ্যমে ইরানের সাথে সবরকম সম্পর্কোন্নয়ন ও বিস্তৃত সহযোগিতা প্রদান করতে আগ্রহী।

জনাব কুরকিন বলেন, ছয় জাতির প্রস্তাবটির প্রতি ইতিবাচক সাড়া দিলে ইরানের জন্য আমেরিকার সাথে বিবাদ মিটিয়ে ফেলাসহ আরও অনেক সুযোগ সৃষ্টি হবে।

ছয় জাতির যৌথ প্রস্তাবটি নির্দেশ করে যে, ইরানকে এবং এ অঞ্চলের রাজনৈতিক, অর্থনৈতিক ও নিরাপত্তা ক্ষেত্রে সুফল দেয়ার জন্য ছয় জাতি তাদের প্রস্তাবের উন্নয়ন করছে এবং তেহরানের সাথে সমঝোতা করতে নতুন ধারণার প্রয়োগের ব্যাপারে আলোচনা করছে।

জনাব কুরকিন বলেন, ইরানের পারমাণবিক বিষয়টির রাজনৈতিক ও কুটনৈতিক সমাধানে একটি খুবই মর্যাদাপুর্ণ পথ অনুসরণ করা হচ্ছে। আমরা আশা করি ইরান সতর্কতার সাথে এই সুযোগগুলো বিবেচনা করবে।

জাতিসংঘ মানবাধিকার প্রধান গাজা হত্যাকান্ডের তদন্তের আহ্বান জানিয়েছেন

৩ মার্চ– গাজা এবং ইসরাইলে সম্প্রতি ঘটে যাওয়া সহিংসতায় জাতিসংঘের মানবাধিকার বিষয়ক শীর্ষ কর্মকর্তা গভীর উদ্বেগ প্রকাশ করে। তিনি ইসরাইলী প্রতিরক্ষা বাহিনীর হাতে শিশুসহ শতশত সাধারণ জনগণের হত্যাকান্ডের তদন্তের আহ্বান জানিয়েছেন।

জেনেভায় জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাই কমিশনার লুইস আরবার আজ এক বিবৃতিতে ইসরাইলীদের নিজেদের আত্মরক্ষার অধিকারের কথা স্বীকার করে ইসরাইলী প্রতিরক্ষা বাহিনীর অআনুপাতিক ক্ষমতা অপব্যবহারের তীব্র নিন্দা জানিয়েছেন।

বিবৃতিতে আরও উলে-খ করা হয়, আর্ন্তজাতিক মানবধিকার ও মানবিক আইনের আওতায় গাজায় সাধারণ জনগণের জান-মালের নিরাপত্তা নিশ্চিত করা দখলদার ইসরাইলীদের অন্যতম দায়িত্ব।

তিনি ইসরাইলী সরকারের কাছে এই গণহত্যার নিরপেক্ষ তদন্ত পরিচালনা এবং তদন্তের ফলাফল জনসন্মুখে প্রকাশ এবং অপরাধীদের বিচারের দাবী জানান।

মিজ্ আরবার ইসরাইলী সাধারণ জনগণের ওপর ফিলিস্তিনী রকেট হামলার তীব্র নিন্দা জ্ঞাপন করেন। তিনি জোর দিয়ে বলেন, তারা আন্তর্জাতিক আইন লঙ্ঘন করেছে এবং এজন্য দায়ী ব্যক্তিদের অবশ্যই জবাবদিহি করতে হবে।

জাতিসংঘের হিসেব মতে, গত শনিবার গাজায় আনুমানিক ৩৯ জন বেসামরিক ব্যক্তিসহ কমপক্ষে ৫৯ জন নিহত হয়েছে এবং শতাধিক আহত হয়েছে। এছাড়াও সংঘর্ষে দু'জন ইসরাইলী সেনা নিহত হয়েছে বলে ধারণা করা হচ্ছে। উলে-খিত রকেট হামলায় Sderot-এ একজন ইসরাইলী বেসামরিক ব্যক্তি নিহত এবং আসকেলনে কমপক্ষে ৫ জন বেসামরিক ব্যক্তি আহত হয়েছে।

সপ্তাহ শেষে এক জরুরী সভায় মহাসচিব বান কি-মুন এবং নিরাপত্তা পরিষদ উভয়ই গাজা উপত্যকা এবং দক্ষিণ ইসরাইলে তীব্র সংসহিতার নিন্দা জানান।

ইতোমধ্যে, জাতিসংঘের মধ্যপ্রাচ্য শান্তি প্রক্রিয়ার বিশেষ সমন্বয়কারী দপ্তর নিশ্চিত করেছে ইসরাাইল আজ গাজা থেকে তার সেনাবাহিনী সরিয়ে এনেছে।

এছাড়াও নিকট প্রাচ্যে জাতিসংঘ ত্রাণ এবং কার্য সংস্থা (UNRWA) ফিলিস্তিনী শরনার্থীদের সহায়তা দানের জন্য গাজায় তাদের কার্যক্রম শুরু করেছে এবং যে বিদ্যালয়গুলো বন্ধ ছিল সেগুলো পুনরায় খুলেছে। যেখানে উপত্যকার অন্যান্য স্থানের বিদ্যালয়গুলোতে উপস্থিতির সংখ্যা শতকরা ৪০ থেকে ৬৫, সেখানে গাজার উত্তরে UNRWA বিদ্যালয়গুলোর ৩৮ টি ছিল শুন্যের কোঠায়।

একই সময়ে, UNRWA কমিশনার জেনারেল কারেন আবু জায়েদ গাজার হাসপাতালগুলোর সমস্যা তুলে ধরেন। জাতিসংঘ রেডিওকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, 'হাসপাতালগুলোতে অপর্যাপ্ত ঔষধপত্র, যন্ত্রপাতি এবং অতিরিক্ত যন্ত্রাংশ না থাকার ফলে চিকিৎসা ক্ষেত্রটি ইতোমধ্যে সবচেয়ে বেশি সমস্যায় ভুগছে।'

শিশু এবং সশস্ত্র যুদ্ধ বিষয়ক বিশেষ প্রতিনিধি রাধিকা কুমারাস্বামী তাঁর বক্তব্যে IDF বাহিনীর শক্তি প্রয়োগ এবং ইসরাইলে পুনঃপুনঃ রকেট হামলার জন্য উভয়কেই অভিযুক্ত করেন এবং গাজা উপত্যকায় সহিংসতা বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন।

মিজ্ কুমারাস্বামী বলেন, 'শিশু এবং তাদের পরিবারবর্গ আবারও সামরিক হামলার লক্ষ্য বস্তুতে পরিণত হচ্ছে, তা দেখে আমি খুবই হতাশ। নিরাপত্তার প্রয়োজনীয়তার জন্য মানবিকতার দিকগুলো উপেক্ষা করা যায় না।'

বৈরুতে জাতিসংঘ সদর দপ্তরের বাইরে হিজবুল-হ্ আয়োজিত বিক্ষোভে ২০ টি বিদ্যালয়ের শত শত শিশু অংশগ্রহণের পর জাতিসংঘের বিশেষ প্রতিনিধি উৎকণ্ঠা প্রকাশ করে বলেন, রাজনৈতিক কর্মকান্ডে শিশুদের অংশগ্রহণের ফলে তারা ভবিষ্যতে আরও সহিংসতামুলক কর্মকান্ডে জড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে।

** ** **